

100

## মাদ্রাসার স্বীকৃতি ও এমপিও বাতিলের আদেশ

### প্রত্যাহার করুন

—ঢাকা মহানগরী জমিয়াতুল  
মোদারেছীন

প্রেস বিজ্ঞপ্তি : বাংলাদেশ জমিয়াতুল মোদারেছীনের ঢাকা মহানগর শাখার সভাপতি মাওলানা মুহঃ ইউনুস ও অন্যান্য নেতৃবৃন্দ গতকাল (বৃহস্পতিবার) এক বিবৃতিতে বলেছেন, দেশের বেশকিছু মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার ও কর্মরত শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা বাতিলের সরকারের সরাসরি আদেশ জারির ফলে মাদ্রাসা শিক্ষক-কর্মচারী তথা ধর্মপ্রাণ মুসলিম জনগণের মধ্যে আশংকা সৃষ্টি হয়েছে। তারা এই আদেশ প্রত্যাহার করার দাবী জানিয়েছেন। নেতৃবৃন্দ বলেন, মাননীয় প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীসহ সরকারের গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ মাদ্রাসা শিক্ষা বন্ধ করার কোন পরিকল্পনা সরকারের নেই মর্মে বহু ঘোষণার পরেও শিক্ষা মন্ত্রণালয়, সরাসরি অযৌক্তিক নির্দেশ দিয়ে বহু পূর্ব হতে জনগণের সহযোগিতায় গড়ে উঠা মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার ও এমপিও বাতিলের আদেশ প্রদান পরস্পরবিরোধী ও বিভ্রান্তিকর। মাদ্রাসার স্বীকৃতি প্রদান, এমপিওভুক্তকরণ ও সূষ্ঠা পরিচালনার বিষয় দেখার জন্য সরকারের নিম্ন হতে উচ্চ পর্যায় পর্যন্ত সংস্থা রয়েছে। সেদিকে আদৌ লক্ষ্য না করে কোন একটি তদন্তের প্রতিবেদনের অভিযোগ যাচাই-বাহাই আওয়াকফ সমর্থনের সুযোগ না দিয়ে

১১-এর পৃঃ ৮-এর কঃ দেখুন